

## আর্কাইভ (লেখ্যাগার) বিষয়ে সার্বজনীন ঘোষণা

আর্কাইভে (লেখ্যাগার) বিভিন্ন গৃহীত সিদ্ধান্ত, পদক্ষেপ এবং পুরানো সমস্ত দিনের কথা সংরক্ষিত থাকে। আর্কাইভ হল এমন এক অদ্বিতীয় এবং অপ্রতিস্থাপনীয় ঐতিহ্য যা এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে অতিবাহিত হয়। আর্কাইভ সৃষ্টি করা থেকে তার ব্যবস্থাপনা করা হয় যাতে তার মান এবং অর্থ সংরক্ষণ করা যায়। সেগুলি দায়বদ্ধ এবং স্বচ্ছ প্রশাসনিক কাজকর্মের এক তথ্যের আনুষ্ঠানিক উত্স। ব্যক্তিগত এবং সমষ্টিগত মানুষের অতীতের স্মৃতির নিরাপত্তা এবং অবদান রাখার মাধ্যমে এটি সমাজের উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আর্কাইভে প্রবেশ অবাধ থাকলে মানব সমাজের বিষয়ে জ্ঞান বর্ধিত হয়, গণতন্ত্র সুরক্ষিত থাকে, নাগরিকের অধিকার সুরক্ষিত থাকে এবং জীবনের গুণগত মানের বৃদ্ধি ঘটে।

### আন্তর্জাতিক আর্কাইভ সংগঠন, স্বীকার করে

- **আর্কাইভের অদ্বিতীয় গুণ** প্রশাসনিক, সাংস্কৃতিক এবং বুদ্ধিগত কর্মকাণ্ডের প্রামাণিক প্রমাণ এবং সমাজের বিবর্তনের প্রতিফলন প্রদর্শন হিসাবে ধরে রাখা;
- **আর্কাইভের যে জরুরী প্রয়োজনীয়তা** তার কারণ ব্যবসায়িক ফলপ্রসূতা, বাধ্যবাধকতা পালনের দায়িত্ব এবং স্বচ্ছতায় সহযোগিতা করা, যাতে নাগরিকের অধিকার সুরক্ষিত থাকে, ব্যক্তিগত এবং সমষ্টিগত স্মৃতি প্রতিষ্ঠিত হয়, অতীতকে বোঝা যায় এবং বর্তমানকে পঞ্জীকৃত করে ভবিষ্যতের কর্মকাণ্ডের রূপরেখা গঠন;
- **আর্কাইভের প্রভেদে** মানব কর্মকাণ্ডের প্রতিটি ক্ষেত্র নথিবদ্ধ করা;
- **যে বিভিন্ন মাধ্যমের ভিত্তিতে আর্কাইভগুলি** গড়ে উঠছে সেগুলিতে ছাপা, বৈদ্যুতিন, দর্শন-শ্রবণ মাধ্যম এবং অন্যান্য আরো অনেক প্রকার অন্তর্ভুক্ত;
- **একজন প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার হিসাবে আর্কাইভিস্টের ভূমিকা** হল তার প্রারম্ভিক এবং নিরবচ্ছিন্ন শিক্ষা থাকা, এবং তার সমাজকে সহযোগিতা করবে বিভিন্ন রেকর্ড বা নথি সৃষ্টি করা এবং নির্বাচন করা, রক্ষণাবেক্ষণ করা এবং সার্বজনীন ব্যবহারের উদ্দেশ্যে সেই তথ্যাবলি সকলের ক্ষেত্রে সহজলভ্য করে তোলার মাধ্যমে সহযোগিতা করা;
- প্রতিজন নাগরিক, সরকার প্রশাসক এবং সিদ্ধান্ত রচনাকারীগণ, সরকারী এবং বেসরকারি আর্কাইভের যারা মালিক বা প্রশাসনে আছেন তারা, এবং

আর্কাইভিস্টগণ এবং অন্যান্য তথ্য-বিশেষজ্ঞগণ তাদের প্রত্যেকের **সম্মিলিত দায়িত্ব হল – সুষ্ঠুভাবে আর্কাইভ পরিচালনা করা।**

**যে যে কারণের জন্য সম্মিলিতভাবে কাজের ভূমিকা গ্রহণ করে**

- উপযুক্ত জাতীয় আর্কাইভ বিষয়ক নীতি এবং বিভিন্ন আইন গ্রহণ করা এবং সেগুলি প্রয়োগ করা;
- আর্কাইভের পরিচালন পর্ষদের মূল্য দেওয়া হয় এবং সুচারুভাবে পরিচালিত হয় সমস্ত প্রতিষ্ঠান থেকে, সরকারী বা বেসরকারি যাইহোক না কেন, যারা তাদের ব্যবসা চালানোর সময় আর্কাইভের সৃষ্টি করে এবং এগুলিকে ব্যবহার করে;
- প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার নিয়োগ সহ আর্কাইভের সঠিক পরিচালনার সহায়তার জন্য যথেষ্ট সংস্থানের ব্যবস্থা করে;
- আর্কাইভগুলি তাদের প্রামাণিকতা, বিশ্বাসযোগ্যতা, সম্ভবদ্রতা এবং ব্যবহারযোগ্যতা সুনিশ্চিত করার মাধ্যমে পরিচালিত হয় এবং সংরক্ষিত হয়;
- আর্কাইভগুলি প্রত্যেকে ব্যবহার করতে পারে, যেখানে প্রাসঙ্গিক আইনকানুন এবং ব্যক্তি, সৃষ্টিকারী, মালিক এবং ব্যবহারকারীর অধিকার সুরক্ষিত রাখা হয়;
- দায়িত্বশীল নাগরিকত্বের উন্নয়নে আর্কাইভগুলি ব্যবহার করা হয়।